

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-১৩

(০১ জুন ২০২৫ হতে ১৫ জুন ২০২৫)

কারাগারের জরুরী সেবা হটলাইন নং-১৬১৯১

১। মাননীয় স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব:) জনাব মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী মহোদয় ১০ জুন ২০২৫ তারিখ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ ও কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেন।



২। সম্মানিত অতিরিক্ত কারা মহাপরিদর্শক কর্নেল মোঃ তানভীর হোসেন (পিএসসি) মহোদয় রাজশাহী কেন্দ্রীয় কারাগার, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী ও নাটোর জেলা কারাগার পরিদর্শন করেন। পরিদর্শন কালে তিনি রাজশাহী কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে ০১ টি লিচু গাছ রোপন এবং কারা পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন।



৩। কারা বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ জিপি ফান্ডসহ বিভিন্ন ব্যাংক থেকে উচ্চসুদে ঋণ নিয়ে থাকেন। কর্মকর্তা কর্মচারীগণের চিকিৎসা, পরিবারের সদস্যদের চিকিৎসা, সন্তানদের বিবাহ, ঘড়-বাড়ি নির্মাণ/মেরামতসহ বিভিন্ন অপরিহার্য কারণে এ সকল ঋণ গ্রহণ করে থাকেন। এ সকল ঋণের উচ্চসুদে কিস্তি পরিশোধ করতে কারা কর্মকর্তা-কর্মচারীদের অবর্ণনীয় আর্থিক সমস্যায় পড়তে হয়। কর্মকর্তা কর্মচারীদের উপরোক্ত সমস্যা লাঘবে কারা সদর দপ্তর কর্তৃক বিনা সুদে ঋণ প্রদান প্রকল্প গ্রহণ করা হয়েছে; যা ট্রাস্ট ব্যাংক লিঃ এর সহায়তায় বাস্তবায়ন করা হবে।

প্রকাশনায়:  প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট।

৪। কারা বিভাগীয় সিলেকশন বোর্ডের ০৪/০৬/২০২৫ তারিখের সভার সুপারিশক্রমে ১৬ জন প্রধান কারারক্ষীকে 'সর্বপ্রধান কারারক্ষী' পদে পদোন্নতি প্রদান করা হয়। এছাড়াও ০১ জন অফিস সহকারীকে 'সহকারী ভ্রাম্যমান নিরীক্ষক' ও ০৭ জন অফিস সহকারীকে 'উচ্চমান সহকারী' পদে পদোন্নতি প্রদান করায় মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। পরবর্তীতেও বাংলাদেশ জেল এর পদোন্নতি যোগ্য সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির এই ধারা অব্যাহত থাকবে।



৫। কারাভ্যন্তরে মোবাইল ও মাদক সরবরাহ, সাংবাদিককে অর্ধের বিনিময়ে কারাগারের নামে দুর্নীতির মিথ্যা রিপোর্ট করানো, অফিসের গোপন তথ্য ও কথাবার্তা বাহিরে আদান প্রদান করা, জামিনপ্রাপ্ত বন্দিদের নতুন মামলার ভয় দেখিয়ে অর্থ হাতিয়ে নেয়া ও গার্ডিং স্টাফকে মারার হুমকিসহ বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে ০৮ জন কারারক্ষীকে প্রশাসনিক কারণে বিভাগ পরিবর্তন বদলী করা হয়েছে। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকান্ড হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৬। বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে/বিশেষ কারণে নিজ বিভাগের বাইরে বদলীকৃত ০৬ জন কারারক্ষীর চাকরিকাল ০৬ (ছয়) মাস সন্তোষজনক হওয়ায় পুনরায় নিজ বিভাগে বদলী করা হয়েছে। এছাড়া মানবিক কারণে ০৬ জন কারারক্ষীকে নিজ বিভাগে বদলী করা হয়েছে। চাকরিকাল সন্তোষজনক সাপেক্ষে নিজ বিভাগের বাইরে বদলীকৃত কর্মচারীদের পুনরায় নিজ বিভাগে বদলীর এই ধারা অব্যাহত থাকবে।

৭। মহিলা কারা সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিককে কুরচিপূর্ণ কথা বলা এবং কু-প্রস্তাব মূলক এসএমএস তার ব্যক্তিগত মোবাইলে প্রেরণ করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অসাদাচরণের অভিযোগে ভোলা জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং ০৫১১১ মোঃ জাহিদুল ইসলামকে কারারক্ষী পদ হতে চূড়ান্তভাবে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। বন্দির স্ত্রীর সাথে অবৈধ যোগাযোগ, নগ্ন অবস্থায় ভিডিও কলে কথা বলতে বাধ্য করাসহ ব্লাক মেইল করে যৌন হয়রানির চেষ্টা করার অভিযোগে রাজশাহী কেন্দ্রীয় কারাগারের কারারক্ষী নং ৩২৬৩৫ শাহ মোহাম্মদ শাহরিয়ারকে এবং মেসের তেল চুরির অভিযোগে রাঙ্গামাটি জেলা কারাগারের কারারক্ষী নং-২৩১৮৭ মোঃ নাসিম উদ্দিনকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকান্ড হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-১৩ (ক)

বাংলাদেশ জেল এর পবিত্র ঈদুল আযহা উযাপনের কিছু স্থীরচিত্র

১। ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জ কারাগারে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান ও তারুণ্যের উৎসব ম্যারাথন দৌড় ও সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেন।



২। কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে স্টাফদের মাঝে পাঞ্জাবি ও শাড়ি বিতরণ করা হয় এবং ঈদ পূর্ণমিলনী ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে।



৩। নীলফামারী জেলা কারাগারে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বন্দিদের স্বজনদের অতিথি আপ্যায়ন ও স্বজনদের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।



৪। ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বন্দিদের অত্মীয় স্বজনদের মিষ্টিমুখ করান এবং শুভেচ্ছা বিনিময় করেন।



৫। বাগেরহাট জেলা কারাগার



৬। পিরোজপুর জেলা কারাগার



৭। গোপালগঞ্জ জেলা কারাগার



৮। রাজশাহী কেন্দ্রীয় কারাগার



৯। ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার



১০। গাইবান্ধা জেলা কারাগার



১১। জয়পুরহাট জেলা কারাগার



১২। কিশোরগঞ্জ জেলা কারাগার

